



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো- ২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা- ১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)



মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার  
অনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৮৮.২১. ২২৭

তারিখ: ২৪/০২/২০২২ খ্রিষ্টাব্দ

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ইরেসপো-২য় পর্যায় প্রকল্পভুক্ত সকল উপজেলার মাঠ পর্যায়ের হিসাব রক্ষণ কার্যক্রম পর্যালোচনাপূর্বক দেখা যায় যে, একই খাতের আয়/ব্যয়ের হিসাব হিসাবভুক্তকরণের ক্ষেত্রে এক এক উপজেলা এক একভাবে নিজ নিজ ইচ্ছানুযায়ী ভিন্ন ভিন্ন খাত/শিরোনাম ব্যবহার করছেন। এই বিভিন্নতার কারণে একই খাতকে বিভিন্ন জন বিভিন্নভাবে ব্যাখ্যায়িত করছেন এবং পরিদর্শনকারীগণের নিকটও খাতসমূহ সহজে বোধগম্য হয় না। হিসাবরক্ষণের খাত ভিত্তিক শিরোনামের এই বিভ্রান্তি তিরোহিতকরণ, সহজবোধ্যতা এবং সকল উপজেলার হিসাবের খাতসমূহের শিরোনামের সামঞ্জস্যতা বজায় রাখার নিমিত্ত ইরেসপো-২য় পর্যায়ের চলমান ৪টি হিসাবের সকল খাতের জন্য পৃথক পৃথকভাবে শিরোনাম/খাতের নাম সুনির্দিষ্ট/নির্ধারণ করা হলো (সংযুক্তি-০১-০৪)। এই আদেশ জারীর তারিখ থেকে নির্ধারিত এই সকল শিরোনামে হিসাব সংরক্ষণ করতে হবে এবং বর্তমানে চলমান ক্যাশবহি/খতিয়ানে খাতের শিরোনামে ভিন্নতা থাকলে তা সংশোধন করতে হবে।

২। এছাড়া, চলমান ৪টি হিসাবের জন্য প্রযোজ্য এই সকল খাতের শিরোনাম বহিভূত নতুন কোন শিরোনামের প্রয়োজন হলে যৌক্তিকতাসহ তার প্রস্তাব সদর দপ্তরে প্রেরণ করতে হবে। সদর দপ্তর কর্তৃক যৌক্তিক মনে হলে ও অনুমোদন দেয়া হলে তবেই প্রার্থিত ঐ শিরোনাম ব্যবহার করা যাবে। নিজ নিজ ইচ্ছা/ব্যাখ্যা অনুযায়ী কোন খাতের নতুন শিরোনাম ব্যবহার করা যাবে না।

  
মো: রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক,  
ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৮৮.২১. ২২৭


তারিখ: ২৪/০২/২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, (প্রকল্পভুক্ত সকল জেলা)।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৪. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি, (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (পরিচালনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।

  
মো: রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক,  
ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।